



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

প্রশাসন বিভাগ

www.caab.gov.bd



বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান চেয়ারম্যান
সভার তারিখ	২২/০৩/২০২২
সভার সময়	১৬.৩০ ঘটিকা
স্থান	সদর দপ্তর, সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধে পরিচালক (প্রশাসন) সভায় আলোচ্য বিষয় উপস্থাপন করেন। পরিচালক (প্রশাসন) জানান যে, জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার ও প্রণোদনা প্রদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের হুক মোতাবেক কর্তৃপক্ষের সকল সদস্য/প্রধান প্রকৌশলীকে ১০ম হতে ৪র্থ গ্রেডভুক্ত ৩ জন কর্মকর্তা এবং ১১ হতে ২০তম গ্রেডভুক্ত ৩ জন কর্মচারির নাম মনোনয়নের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ১৫ জন কর্মকর্তা ও ১৬ জন কর্মচারির তালিকা পাওয়া যায়। সভায় প্রাপ্ত মনোনয়নের তালিকা বিশদ পর্যালোচনা করা হয়। সার্বিক আলোচনায় বেবিচ কর্তৃপক্ষের ১ জন কর্মকর্তা এবং ১ জন কর্মচারীকে ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

সুপারিশ:

(ক) প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদ্বয়কে শুদ্ধাচার পুরস্কার ও প্রণোদনা প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়:

ক্রমিক নং	নাম ও পদবী	ক্যাটাগরি	কর্মস্থল
০১	জনাব এ, কে, এম ফায়জুল হক পরিচালক (এয়ার ট্রান্সপোর্টেশন)	৪র্থ হতে ১০ম গ্রেড	সদর দপ্তর, এফ.এস.আর বিভাগ
০২	বেগম অনিমা ওয়াহিদা রোজী উচ্চমান সহকারী	১১শ হতে ২০ম গ্রেড	সদর দপ্তর, প্রশাসন বিভাগ

(খ) সুপারিশকৃত কর্মকর্তা/কর্মচারীদ্বয় এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থসহ একটি সম্মাননা সনদ ও ফ্রেস্ট পুরস্কার হিসেবে পাবেন।

২.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিজুর রহমান
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.২১.০০১.১৯.৩৯০

তারিখ: ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ২) সকল সদস্য, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৪) নির্বাহী পরিচালক, সেমসু/হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
- ৫) পরিচালক (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
- ৬) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), পরিচালক (সিভিল এভিয়েশন ট্রেনিং সেন্টার), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৮) পরিচালক, চট্টগ্রাম/সিলেট আন্তর্জাতিক বিমানবন্দর
- ৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
- ১০) পাবলিক রিলেশন অফিসার (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১১) সকল বিমানবন্দর ব্যবস্থাপক

মোঃ জাহিরুল ইসলাম
পরিচালক (প্রশাসন)